গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

# সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০১৯ – ৩০ জুন ২০২০

# সূচিপত্র

**মন্ত্রণালয়/ বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**

প্রস্তাবনা

সেকশন ১: আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: অগ্রাধিকার, কৌশলগত উদ্দেশ্য, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর উপর নির্ভরশীলতা।

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক অর্জনঃ**

পরিকল্পনা কমিশনের এ বিভাগের আওতায় ০৮টি সেক্টরের (৩৫টি মন্ত্রণালয়/বিভাগ) উন্নয়ন প্রকল্প অনুমোদন প্রক্রিয়া করা হয়।

**সেক্টরঃ স্বাস্থ্য, পুষ্টি জনসংখ্যা ও পরিবার কল্যাণ**

২০১৮-১৯ অর্থ বছরে স্বাস্থ্য ও পুষ্টি সাব-সেক্টরে ১১টি নতুন ও ৮টি সংশোধিত এবং ২টি টিএপিপিসহ মোট ২১টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এর মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'সুনামগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন (জুলাই ২০১৮ হতে জুন ২০২১' শীর্ষক প্রকল্প, 'বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার মলিকুলার রিসার্চ সেন্টার স্থাপন (জুলাই ২০১৮ হতে জুন ২০২৩)' শীর্ষক প্রকল্প, 'আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রজেক্ট (২য় পর্যায়) (এপ্রিল ২০১৮ - মার্চ ২০২৩)' শীর্ষক প্রকল্প উল্লেখযোগ্য।

**সেক্টরঃ ক্রীড়া ও সংস্কৃতি, সমাজকল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন এবং গণসংযোগ**

২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ক্রীড়া ও সংস্কৃতি সেক্টরের আওতায় ক্রীড়া সাব-সেক্টরের ১৪টি বিনিয়োগ এবং সংস্কৃতি সাব-সেক্টরের ১৪টি বিনিয়োগ প্রকল্প ও ১ টি কারিগরি প্রকল্প বাস্তবায়িত হবে। এ সেক্টরের অনুমোদিত প্রকল্পের জন্য মোট বরাদ্দ ৫৪৬.২৪ কোটি টাকা (জিওবি ৫৪৪.২৩ কোটি টাকা + প্রকল্প সাহায্য ২.০১ কোটি টাকা)। উল্লেখযোগ্য প্রকল্পের মধ্যে রয়েছে বিকেএসপি'র প্রমিলা প্রশিক্ষণার্থীদের ক্রীড়ার উন্নয়ন, সিলেট জেলা স্টেডিয়াম এবং আবুল মাল আব্দুল মুহিত ক্রীড়া কমপ্লেক্সের উন্নয়ন, ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন, চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন, বাংলাদেশ কপিরাইট ভবন নির্মাণ ইত্যাদি কাজ চলমান রয়েছে। এছাড়া বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় ৩৪টি এবং বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় ১টি প্রকল্প রয়েছে। গণসংযোগ সেক্টরের আওতায় ১০টি বিনিয়োগ ও ১টি কারিগরী প্রকল্প বাস্তবায়িত হবে। উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হলো-বাংলাদেশ বেতারের ময়মনসিংহ ও গোপালগঞ্জে দুইটি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট এফ.এম. বেতার কেন্দ্র স্থাপন, শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম, তথ্য ভবন নির্মাণ ইত্যাদি। সমাজকল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন সেক্টরের অধীনে মোট ৩৬টি {সমাজকল্যাণ সাব-সেক্টরের অধীন ০৮টি বিনিয়োগ, মহিলা বিষয়ক সাব-সেক্টরের অধীন ১৯টি (বিনিয়োগ-১৪টি ও কারিগরী সহায়তা-০৫টি) এবং যুব উন্নয়ন সাব-সেক্টরের অধীন চলতি ০৮টি (বিনিয়োগ ০৬টি এবং কারিগরি সহায়তা-২টি) বাস্তবায়িত হবে। এছাড়া, স্থানীয় সরকার বিভাগের ১টি প্রকল্প এই সেক্টরের আওতায় বাস্তবায়নাধীন রয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে এ সেক্টরের অনুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দ ৭২৮.১৪ কোটি (জিওবি ৬৫০.০৮ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৭৮.০৬ কোটি) টাকা । উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হলো- সরকারি শিশু পরিবার এবং ছোটমনি নিবাস নির্মাণ ,নির্মাণ:পুন/উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ, ৬৪ জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ ইত্যাদি।

**সেক্টরঃ জনপ্রশাসন**

২০১৮-১৯ অর্থ বছরে জনপ্রশাসন সেক্টরে মোট ৩০টি প্রকল্প (এর মধ্যে নতুন অনুমোদিত ২৩টি এবং সংশোধিত ৭টি প্রকল্প অনুমোদিত হয়েছে)। এর মধ্যে উল্লেখযোগ্য প্রকল্পগুলোর হলো: বাংলাদেশ পুলিশের ডাটা সেন্টারের (Data Centre) ধারণক্ষমতা বৃদ্ধি, হাইওয়ে পুলিশের সক্ষমতা বৃদ্ধিকরণ, বিপিএটিসি'র আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্সের উর্ধ্বমুখী সম্প্রসারণ (১ম সংশোধিত), বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ৭টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠাসহ সক্ষমতা বৃদ্ধিকরণ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ প্রকল্প, Improvement of Rescue Capacities at the Coastal and Inland Waters for Bangladesh Coast Guard Force, জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমী প্রতিষ্ঠা (২য় সংশোধিত), র‍্যাব ফোর্সেস এর আভিযানিক সক্ষমতা বৃদ্ধি, নির্বাচন ব্যবস্থায় তথ্য প্রযুক্তি প্রয়োগের লক্ষ্যে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার, বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধির জন্য যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়, Support to Bangladesh's Smooth and Sustainable Graduation from LDC Status, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান )বিআইডিএস-(এর মাস্টার্স কার্যক্রম প্রকল্পগুলা বাস্তবায়নাধীন রয়েছে।

**সেক্টরঃ বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি**

২০১৮-১৯ অর্থ বছরের বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেক্টরে ৫টি নতুন ও ৭টি সংশোধিতসহ মোট ১২টি প্রকল্প অনুমোদিত হয়েছে। উল্লেখ্যযোগ্য প্রকল্প সমূহের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রকল্প সমূহ হলো: সাভারস্থ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের ৩ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন গবেষণা রিঅ্যাক্টর ফ্যাসিলিটির সেফটি সিস্টেমের সমন্বয়সাধন, আধুনিকীকরণ, রক্ষণাবেক্ষণ ও বর্ধিতকরণ, ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) ময়মনসিংহ ও চট্টগ্রামে সাইক্লোট্রন ও পেট-সিটি এবং ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিকেল ফিজিক্স (আইএনএমপি), সাভারে সাইক্লোট্রন সুবিধাদি স্থাপন, নবজাতকের মধ্যে জন্মগত হাইপোথাইরয়েড রোগের প্রাদুর্ভাব সনাক্তকরণ (দ্বিতীয় পর্যায়), হাইড্রোজেন এনার্জি গবেষণাগার স্থাপন; আইসিটি বিভাগের জাপানিজ আইটি সেক্টরের উপযোগী করে আইটি ইঞ্জিনিয়ারদের দক্ষতা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে।

**সেক্টরঃ শিক্ষা ও ধর্ম**

সাম্প্রতিক অর্জনঃ শিক্ষা ও ধর্ম সেক্টরের আওতায় শিক্ষার গুণগত ও ভৌত মান উন্নয়নের লক্ষ্যে ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত ৩ (তিন) বছরে ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষার নিম্নমান সংক্রান্ত সমস্যা সমাধানে প্রয়োজনীয় কৌশল অবলম্বনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। এ লক্ষ্যে কারিকুলামের আধুনিকায়ন, শিক্ষক প্রশিক্ষণ, শিক্ষকদের জন্য উচ্চতর বেতন কাঠামো, উচ্চতর শিক্ষার কারিকুলাম উন্নয়নে তদারকি জোরদারকরণ, শহর ও গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানের গুণগত মানের মধ্যে বিদ্যমান পার্থক্য দূরীকরণ, মাদ্রাসা শিক্ষায় বিজ্ঞান ও গণিতের অন্তর্ভুক্তি, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় গণিত ও ইংরেজি শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং সকল শিশুকে স্কুলগামী করার লক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন বাস্তবমুখী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রতিরক্ষা বাহিনীর গুণগত প্রশিক্ষণের জন্য তিন বাহিনীর (সেনা, নৌ ও বিমান) প্রশিক্ষণ একাডেমি কমপ্লেক্স স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মানব সম্পদ উন্নয়নে বিভিন্ন ধর্মীয় নেতাদের সম্পৃক্তকরণ, শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান রাখা ও সম্প্রসারণের লক্ষ্যে সমগ্র দেশে মসজিদ, মন্দির ও প্যাগোডাভিত্তিক প্রকল্প গ্রহণ করা হয়েছে। দেশব্যাপী উচ্চ শিক্ষার মানোন্নয়ন ও অবকাঠামোগত সম্প্রসারণের লক্ষ্যে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন, নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন ও বিদ্যমান ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামোগত উন্নয়ন, বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজসমূহের অবকাঠামোগত উন্নয়নসহ সরকারের পক্ষ থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেয়া হয়েছে।

**সেক্টরঃ শ্রম ও কর্মসংস্থান**

২০১৮-১৯ অর্থ বছরে ৪টি বিনিয়োগ ও ২টি কারিগরী সহায়তা প্রকল্পসহ মোট ৬টি প্রকল্প দেশের শিল্প কারখানাসমূহের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ ও শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। মহিলা শ্রমিকদের আবাসন সুবিধার জন্য "নারায়ণগঞ্জ বন্দর ও চট্টগ্রাম কালুরঘাট শ্রম কল্যাণ কেন্দ্র এবং শ্রমজীবী মহিলাদের জন্য হোস্টেল নির্মাণ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়াও রানা প্লাজা ধ্বসের পর দেশের তৈরি পোশাক খাতে কর্মনিরাপত্তা বৃদ্ধির জন্য "তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জ**

- উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সেক্টরাল পলিসি না থাকায় প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে যথার্থতার ঘাটতি
- প্রকল্পে গ্রহণে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং সার্ভে ঠিকমত না করা
- কিছু ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব/ডিপিপি/টিপিপি যথার্থভাবে তৈরি করার জন্য সংশ্লিষ্ট এবং কারিগরি জ্ঞানের ঘাটতি
- সীমিত সম্পদ এবং সামর্থ্যের বিবেচনায় অনেক সময় অর্থনৈতিক এবং সামাজিকভাবে কম গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ
- পরিকল্পনা কমিশন হতে প্রকল্প পরিদর্শন কম হওয়ায় প্রকল্প বাস্তবায়নে সমস্যা এবং পরবর্তীতে সমজাতীয় প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে পূর্বের প্রকল্পসমূহের সমস্যা চিহ্নিতকরণে অস্পষ্টতা
- প্রকল্প প্রক্রিয়াকরণ প্রক্রিয়ায় পর্যাপ্ত লজিস্টিক্স ও জনবলের ঘাটতি।
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষণের অপ্রতুলতা
- প্রকল্প সংক্রান্ত বিভিন্ন সভা নির্ধারিত সময়ে ও নির্ধারিত সংখ্যায় না হওয়া ।
- প্রকল্প প্রক্রিয়াকরণে পরিপত্র কর্তৃক নির্ধারিত সময় না পাওয়া।
- কিছু ক্ষেত্রে অনভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ এবং সময়ে সময়ে পরিবর্তন।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

- প্রকল্পের গ্রহণ এবং বাস্তবায়নের যথার্থতা নিশ্চিতকল্পে সেক্টরাল পলিসি প্রণয়ন
- প্রকল্পের সামাজিক এবং অর্থনৈতিক উপযোগিতা বিশ্লেষণে ট্যাকনিক্যালিটির ব্যবহার/আশ্রয় বাড়ানো
- উদ্দেশ্যের সাথে প্রকল্পের সংশ্লিষ্টতা যাচাইয়ের জন্য প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বিশ্লেষণে এমআইএস চালুকরণ
- জাতীয় এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অথচ দক্ষতার ঘাটতি সম্বলিত সংস্থাসমূহকে যথার্থভাবে ডিপিপি/টিপিপি প্রণয়নে সহায়তা প্রদান
- বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প পরিদর্শন এবং অত্র বিভাগে প্রকল্প অগ্রগতি/সমস্যা ইত্যাদি বিষয়ে সভা/সেমিনার আয়োজন।
- কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষন ও ওয়ার্কশপের ব্যবস্থাকরণ ।

**২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ (সেক্টর হতে নিম্নলিখিত ক্ষেত্রে ইনপুট প্রদান)**

- অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা'র বিভিন্ন পলিসি প্রণয়নে মতামতসহ সহায়তা প্রদান
- এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার বাৎসরিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন
- ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্পে গ্রহণে পরামর্শ প্রদান এবং নিশ্চিতকরণ
- আরএডিপি/এডিপি প্রণয়ণে সহায়তা প্রদান
- সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান
- প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন।

## উপক্রমণিকা (Preamble)

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য এবংগণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সচিব, পরিকল্পনা বিভাগ -এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের.........২৬......... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

### ১.১. রূপকল্প:

একটি উন্নত, আধুনিক ও সমৃদ্ধ দেশে উত্তরণের লক্ষ্যে টেকসই, সময়াবদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা।

### ১.২. অভিলক্ষ্য:

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিতকল্পে বিভিন্ন প্রতিষ্ঠান/মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহকে সহায়তা প্রদান।

### ১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(১) জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ
(২) জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা
(৩) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

### ১.৪. কার্যাবলি

১ বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
২ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
৩ জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ
৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট
৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান
৬ এসডিজি বাস্তবায়নে বিভিন্ন ইনপুট প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান
৭ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব নিষ্পত্তির নিমিত্ত প্রক্রিয়া করা
৮. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/ব্যয়খাত সংশোধন;
৯. পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় যোগদান ও মতামত/পরামর্শ প্রদান;

সেকশন ২ :

**মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৯-২০ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯* | | ২০২০-২১ | ২০২১-২২ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৯৪% | ৯৭% | ৯৭% | ৯৮% | ৯৮% | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, বিবিএস, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদনে সময় হ্রাস | গড় সময় | দিন | ৬০ | ৬০ | ৬০ | ৫৮ | ৫৭ | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (Provisional) তথ্য

- যদিও প্রকল্পের প্রভাব মূল্যায়ন/নিরূপনের বিষয়টি উপকারভোগীদের সাথে সরাসরি সংশ্লিষ্ট, যা মন্ত্রণালয় ও সংস্থা করে থাকে বা তাদের দায়িত্ব। প্রভাব সংক্রান্ত কার্যাদি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনের সরাসরি আওতাভুক্ত নয়।

## সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯ - ২০ Target /Criteria Value for FY 18-19) | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | *২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২০-২০২১ | ২০২১-২০২… |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ | ৪৫ | ১.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | ১.১.১ প্রক্রিয়াকৃত প্রকল্প | হার | ১৬ | ৯৩ | ৯৯ | ৯৪ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৯৫ | ৯৬ |
| | | | ১.১.২ পিইসি/এসপিইসি সভা অনুষ্ঠান | সংখ্যা | ৯ | ৯৬ | ৯৫ | ৯৫ | ৯০ | ৮৮ | ৮০ | ৭৬ | ৯৫ | ৯৭ |
| | | | ১.১.৩ পিইসি সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | হার | ৯ | ৯৩ | ৯৬ | ৯৫ | ৯০ | ৮৬ | ৮০ | ৭৫ | ৯৬ | ৯৭ |
| | | ১.২. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভায় যোগদান | ১.২.১ অংশগ্রহনকৃত সভা | সংখ্যা | ৫ | ৯৭ | ৯৯ | ৯৩ | ৮৭ | ৮৫ | ৮০ | ৭৫ | ৯৫ | ৯৭ |
| | | ১.৩. অর্থছাড়, ব্যয়খাত সংশোধন, পুনঃউপযোজন এর প্রস্তাব নিষ্পত্তি | ১.৩.১ প্রক্রিয়াকরণের শতকরা হার | শতকরা | ৩ | ৯৯ | ৯৯ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | ৮০ | ৯৬ | ৯৭ |
| | | ১.৪. প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | ১.৪.১ প্রক্রিয়াকরণের শতকরা হার | শতকরা | ৩ | ১০০ | ৯৭ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৫ | ৮০ | ৯৬ | ৯৭ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯ - ২০ Target /Criteria Value for FY 18-19) | | | | | প্রক্ষেপণ ২০২০-২০২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | *২০১৮-১৯ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা | ৩০ | ২.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | ২.১.১ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কার্যদিবস | ৭ | ৬ | ৫ | ৬ | ৭ | ৯ | ১০ | ১২ | ৬ | ৬ |
| | | ২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কার্যদিবস | ৭ | ৭ | ১০ | ১০ | ১২ | ১৪ | ১৫ | ১৮ | ১০ | ১০ |
| | | ২.৩. জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | ২.৩.১ প্রশ্নোত্তর ও তথ্য প্রেরিত | কার্যদিবস | ৩ | ২ | ২ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৪ | ৪ |
| | | ২.৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়ানাধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | ২.৪.১ মতামত প্রেরিত | কার্যদিবস | ৩ | ৩ | ৩ | ৭ | ৮ | ১০ | ১২ | ১৪ | ৭ | ৭ |
| | | ২.৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | ২.৫.১ মতামত প্রেরিত | কার্যদিবস | ৪ | ৩ | ৩ | ৭ | ৮ | ১০ | ১১ | ১২ | ৭ | ৭ |
| | | | ২.৫.২ পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ২ | ১৮ | ২৫ | ৪০ | ২০ | ১৫ | ১০ | ৮ | ৪০ | ৪০ |
| | | ২.৬. এসডিজি সংক্রান্ত ইনপুট প্রদান | ২.৬.১ ইনপুট প্রেরিত | কার্যদিবস | ৩ | ১৪ | ১৪ | ১৪ | ১৫ | ১৮ | ২১ | ২২ | ১৪ | ১৪ |
| | | ২.৭.প্রকল্প পরিদর্শন প্রতিবেদন | পরিদর্শণ প্রতিবেদন | সংখ্যা | ১ | - | - | ৩০ | ২৮ | ২৬ | ২৫ | ২০ | ৩০ | ৩০ |

*প্রকৃত অর্জন; ৩১ মার্চ ২০১৯ পর্যন্ত

[মন্ত্রণালয়/বিভাগ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৯-২০ (পরিকল্পনা বিভাগ কর্তৃক সম্পাদিতব্য)]

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রারমান২০১৯-২০ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৮ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | - | - | - | - |
| | | | [১.১.৪] দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ০.৫ | ৩১ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১০ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৪ ফেব্রুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | | [১.২.২] ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫অক্টোবর, ২০১৯ | ১৫নভেম্বর, ২০১৯ | ১৫ডিসেম্বর, ২০১৯ | ১৫জানুয়ারি, ২০২০ | ৩১জানুয়ারি, ২০২০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ১১ | [২.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথিব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ডিজিটাল সেবা চালু করা | [২.২.১] ন্যূনতম একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | ১ | ১৫ ফেব্রুয়ারি, ২০২০ | ১৫ মার্চ, ২০২০ | ৩১মার্চ, ২০২০ | ৩০ এপ্রিল, ২০২০ | ৩০ মে, ২০২০ |
| | | [২.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্রউন্নয়নপ্রকল্প বাস্তবায়ন | [২.৩.১] ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১মার্চ, ২০২০ | ১৮মার্চ, ২০২০ | ২৫মার্চ, ২০২০ | ১এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [২.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | ১০ জানুয়ারি, ২০২০ | ১৭ জানুয়ারি, ২০২০ | ২৪ জানুয়ারি, ২০২০ | ২৮ জানুয়ারি, ২০২০ | ৩১ জানুয়ারি, ২০২০ |
| | | | [২.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | [২.৫] সেবা সহজিকরণ | [২.৫.১] ন্যূনতম একটি সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারি আদেশ জারিকৃত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর, ২০১৯ | ২০ অক্টোবর, ২০১৯ | ২৪ অক্টোবর, ২০১৯ | ২৮ অক্টোবর, ২০১৯ | ৩০ অক্টোবর, ২০১৯ |
| | | | [২.৫.২] সেবা সহজিকরণ অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | ০.৫ | ১৫এপ্রিল, ২০২০ | ৩০এপ্রিল, ২০২০ | ১৫মে, ২০২০ | ৩০মে, ২০২০ | ১৫জুন, ২০২০ |
| | | [২.৬] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারীকরা | [২.৬.১] পি আর এল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৬.২] ছুটি নগদায়ন পত্র জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.৭] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৭.১] নিয়োগ প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [২.৭.২] নিয়োগ প্রদানকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.৮] বিভাগীয়মামলানিষ্পত্তি | [২.৮.১] বিভাগীয়মামলানিষ্পত্তিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | |
| | | [২.৯] তথ্যবাতায়নহালনাগাদকরণ | [২.৯.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্যহালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ০.৫ | ১৬আগস্ট,২০১৯ | ২০আগস্ট,২০১৯ | ২৪আগস্ট, ২০১৯ | ২৮আগস্ট, ২০১৯ | ৩০আগস্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৩] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.৩.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৪] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৪.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য উপস্থাপিতঅডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৪.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৫] টেলিফোন বিল পরিশোধ | [৩.৫.১] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [৩.৬] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধ | [৩.৬.১] ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন -এর প্রধান হিসেবে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সচিব, পরিকল্পনা বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহোযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

ভারপ্রাপ্ত সদস্য
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন

২৬।৬।২২
তারিখ

২৬।৬।২০২২
সচিব
পরিকল্পনা বিভাগ

২৬/৬/২০২২
তারিখ

## সংযোজনী -১

### শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ২ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৩ | ডিএসপিইসি | ডিপার্টমেন্টাল স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৪ | জিইডি | জেনারেল ইকনমিক ডিভিশন |
| ৫ | এসইআইডি | সোসিও-ইকনমিক ইনফ্রাসট্রাকচার ডিভিশন |
| ৬ | ইআরডি | ইকনমিক রিলেশনস ডিভিশন |
| ৭ | পিইসি | প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৮ | এসপিইসি | স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৯ | এডিপি | এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ১০ | আরএডিপি | রিভাইজড এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |

**সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থা/বিভাগ এবং পরিমাপ পদ্ধতির বিবরণ**

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচী/সংশোধিত উন্নয়ন কর্মসূচী ইত্যাদি পর্যলোচনায় সহায়তা প্রদান | অনুষ্ঠিত সভা | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার বিবেচনাকল্পে বিভিন্ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশিত | উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পলিসি পরিকল্পনা কমিশন//পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকাশিত হয় | আলোচ্য বিভাগ , জিইডি এবং পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদি গ্রহণ সম্পন্ন | ঋণ, বিভিন্ন উন্নয়ন ইস্যু, বৈদেশিক চুক্তি ইত্যাদি বিষয়ে বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় জড়িত থাকে এবং বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | এসডিজি সংক্রান্ত ইনপুন প্রদান | ইনপুট প্রেরিত | বিভিন্ন সেক্টর ভিত্তিক তথ্য, পরামর্শ প্রদান করা হবে | সংশ্লিষ্ট সেক্টর, জিইডি, মন্ত্রণালয় | জিইডি/মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশনের বিভিন্ন প্রতিবেদন/ডাটা | |
| ৭ | প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের হার | প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সেক্টরের | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | আওতাধীন মন্ত্রণালয়সমূহ হতে প্রকল্প প্রস্তাব আলোচ্য বিভাগে প্রেরণ করা হয় | | প্রতিবেদন | |
| ৮ | | পিইসি/এসপিইসি আয়োজন | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত প্রকল্প প্রস্তাবের উপর পিইসি/এসপিইসি আয়োজন করা হয় | আলোচ্য বিভাগ এবং সভায় আমন্ত্রিত প্রতিনিধিগণ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রী অথবা একনেকে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রীর দপ্তর/একনেক | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহনকৃত সভা | উন্নয়ন প্রকল্ সংক্রান্ত বিভিন্ন সভা মন্ত্রণালয়/সংস্থায় আয়োজন করা হয় এবং সেখানে পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ আমন্ত্রিত হন | আলোচ্য বিভাগের সংশ্লিষ্ট আমন্ত্রণপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১১ | অর্থছাড়, ব্যয়খাত সংশোধন, পুনঃউপযোজন এর প্রস্তাব নিষ্পত্তি | প্রক্রিয়াকরণের শতকরা হার | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত এ সংক্রান্ত প্রস্তাবসমূহ সেক্টর পর্যায়ে নিষ্পত্তি করা হয় | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর, মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশনের মাসিক রিপোর্ট | |
| ১২ | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | প্রক্রিয়াকরণের শতকরা হার | | | পরিকল্পনা কমিশনের মাসিক রিপোর্ট | |

## সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়সমূহের বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। দীর্ঘ ও মধ্যমেয়াদী উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক উন্নয়ন কর্মসূচী যথাযথভাবে প্রণয়নের স্বার্থে চাহিদা মোতাবেক তথ্য প্রয়োজন। | উক্ত তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| মন্ত্রণালয় | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত সঠিক সময়ে প্রদান | উক্ত তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| বিভাগ | ইআরডি | সংশোধিত/ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং বৈদেশিক সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। | বৈদেশিক সাহায্যের সম্ভাব্য প্রাপ্তির তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা যথাযথ হবেনা | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |